Re. 2.00

# PRABINBARTA
# প্রবীণবার্তা

MONTHLY

মূল্য ঃ ২ টাকা

মাসিক

Vol : V Issue :VIII,15th November,2016 কার্ত্তিক,১৪২৩,বার্ষিক মূল্য-২০ টাকা RNI NO. WBBEN/2012/ 46375



সকল পাঠক পাঠিকাদের শুভ বিজয়া ও দীপাবলীর শুভেচ্ছা



১লা অক্টোবর, ২০১৬ বিশ্ব প্রবীণ নাগরিক দিবসের অনুষ্ঠান মঞ্চে উপবিষ্ট সভাপতি শ্রী পেলব মুখার্জী, বিশেষ অতিথি শ্রী সুবিমল সেন ও শ্রী দেবেশ ভট্টাচার্য মহাশয় ।

## বিশ্ব প্রবীণ দিবসের অনুষ্ঠানের বিবরণ

১লা অক্টোবর, শনিবার ৫টায় ডাঃ কৃষ্ণা হালদার এর উদ্বোধনী সঙ্গীতের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা করা হয়।

অনুষ্ঠানের শুরুতে সম্পাদক শ্রী দীপেশ মিত্র সভাপতি শ্রী পেলব মুখার্জী, সহ-সভাপতি শ্রী রামরমণ ভট্টাচার্য, সম্মানীয় অতিথি শ্রী সুবিমল সেন ও শ্রী দেবেশ ভট্টাচার্যকে মঞ্চে আহ্বান জানান।

সভাপতির আসন অলংকৃত করেন শ্রী পেলব মুখার্জী। তিনি উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে বলেন সারা বিশ্বের সঙ্গে আমরাও এই দিবসটি আমাদের ক্ষুদ্র শক্তি অনুযায়ী উৎযাপন করে আসছি। ১১ বছর যাবৎ প্রবীণদের সর্বাঙ্গীণ কল্যাণের লক্ষ্যে প্রচার আন্দোলনকে আরও শক্তিশালী করতে আমাদের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ২০০৮ সালে বহরমপুরে প্রবীণ নাগরিকদের সমবেত করে তাকে একটি পূর্ণাঙ্গরূপ দেওয়ার জন্য আমাদের এই প্রচেষ্টা সম্পূর্ণ ফলবতী হয়ে ওঠেনি। আমরা সকলকে সমবেত করার জন্য আমাদের লক্ষ্যে অবিচল রয়েছি। প্রতিমাসে আমাদের মাসিক মুখপত্র 'প্রবীণবার্তা' পৌঁছে দেওয়ার কাজ চালিয়ে যাচ্ছি। কিন্তু দুঃখের হলেও বলতে হচ্ছে, কোন আশানুরূপ অগ্রগতি আমরা ঘটাতে পারিনি।

প্রতিবছরই আমাদের ক্ষমতা অনুযায়ী ৯৩নং ওয়ার্ডে প্রবীণব্যক্তিদের সম্মাননা জানিয়ে থাকি। গত বছরেও বিক্রমগড় হরিসভা মাঠে এবং কাটজুনগর কলোনী কমিটির সভাগৃহে দুইটি অনুষ্ঠানের মাধ্যমে ৯৯জন প্রবীণ ব্যক্তিকে আমরা সম্মাননা জানিয়েছি। এছাড়াও প্রতি বছর প্রতিষ্ঠা বার্ষিকী দিবস ও বিশ্বপ্রবীণ দিবসে বিশিষ্ট গুণীজনদের সম্বর্ধনা দিয়ে যাচ্ছি। এ বছরও বিশিষ্ট শিক্ষাবিদ শ্রী সুবিমল সেন এবং ব্যাংক কর্মচারী আন্দোলনের নেতা শ্রী দেবেশ

ভট্টাচার্যকে সম্বর্ধনা দেওয়া হবে। এবছর ২৭ সেপ্টেম্বর পোদ্দার পার্ক গভঃ হাউজিং কমপ্লেক্সে ৭০ বছর তদউর্দ্ধ ৮৫জন প্রবীণব্যক্তিদের সম্মাননা জানানো হয়েছে। তাছাড়া নানা অনুষ্ঠানের মাধ্যমে প্রবীণ ব্যক্তিদের সাথে যোগাযোগের মাধ্যমে তাদের নিঃসঙ্গতা কাটানোর জন্য আমরা সচেষ্ট। প্রবীণ এবং আর্থিকভাবে দুর্বল ব্যক্তিদের চিকিৎসা পরিসেবা দেওয়ার লক্ষ্যে আমরা ডাঃ নর্মান বেথুন ক্লিনিক এবং রায়নগর, বাঁশদ্রোণীতে ক্লিনিকের মাধ্যমে চেষ্টা চালিয়ে যাচ্ছি।

আমাদের সদস্যসহ নাগরিকদের দানের মাধ্যমে ফিজিওথেরাপি সেন্টার প্রতিষ্ঠা করা এক উল্লেখযোগ্য দৃষ্টান্ত এবং সেখানে স্বল্প মূল্যে ফিজিওথেরাপি করার ব্যবস্থা করা হয়।

শ্রীরামরমণ ভট্টাচার্য সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন আজ সারা বিশ্বে এ দিনটি পালিত হচ্ছে। আমরাও অনুষ্ঠানের আয়োজন করেছি। আমাদের চিকিৎসা কেন্দ্র চালু আছে। সেখানে ৮০ উর্দ্ধে ডাঃ প্রাণ শংকর সাহা এখনও পরিসেবা দিয়ে যাচ্ছেন। আমরা প্রবীণদের জন্য আন্দোলন করছি। বৃদ্ধদের চিকিৎসার জন্য আমাদের দেশে কোন কোর্স নেই। আমরা সীমিত মানুষের মধ্যে কিছু কাজ করি, সর্বস্তরে আমরা পৌঁছাতে পারিনি পৌঁছানোও আমাদের পক্ষে সম্ভব নয়।

পরিচালন পরিষদের সদস্য শ্রী মিহির বরণ রায় অসুস্থতার জন্য অনুষ্ঠানে উপস্থিত হতে না পারায় প্রবীনদের নিয়ে তিনি কবিতা লিখে পাঠিয়েছেন, তা পাঠ করেন সহ-সম্পাদক শ্রী স্নেহাংশু চাকদার। অনুষ্ঠানে বিশিষ্ট শিক্ষাবিদ শ্রী সুবিমল সেন ও ব্যাংক কর্মচারী আন্দোলনের নেতা শ্রী দেবেশ ভট্টাচার্যকে সম্মাননা জানানো হয়।

তাদের সম্মাননা জানান যথাক্রমে সভাপতি শ্রী পেলব মুখার্জী ও সহ-সভাপতি শ্রী রামরমণ ভট্টাচার্য, শ্রী সুবিমল সেন সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন তার পক্ষে এটা বিশেষ সম্মান। প্রবীণদের প্রধান সমস্যা সামাজিক সুরক্ষা, চিকিৎসা, পরিবার। সামান্য মানুষ পেনশনের আওতায় আসেন এবং অন্যরা সামান্য কিছু টাকা পান তা ব্যাংকে রেখে ইন্টারেস্ট পান যা নগন্য। পারিবারিক সমস্যা বাবা, মা বাড়ীতে থাকেন কিন্তু ছেলে মেয়েরা বাইরে থাকেন। তাছাড়া নাতি, নাতনিরা দাদু,দিদিমার গল্পশোনা, মেলামেশা, স্নেহ থেকে বঞ্চিত হচ্ছে। তিনি ১টি উদাহরণ দিয়ে বলেন প্রথমে কষ্ট করে পরে যদি ভাল থাকা যায় তবে ভাল। প্রথমে ভাল থেকে পরে কষ্ট পাওয়া এটা কষ্টের। তিনি ছোট বেলায় আর্থিক অনটনের মাঝে কিভাবে জীবন কাটিয়েছেন। তা বর্ণনা করেন। তখন পরিবারে অন্য পরিবেশ ছিল। উদবাস্তু কলোনী আন্দোলনের ঐতিহ্যের কথা বর্ণনা করেন। বাম আন্দোলনের কথা উল্লেখ করে বলেন এর সাথে মিলে মিশে চলা। সেই সময় কারখানাকে ঘিরে শ্রমিকরা ছিলেন। শ্রমিক আন্দোলনের কথা বলতে গিয়ে কমঃ হরিদাস মালাকার, কমঃ বীরেশ্বর চ্যাটার্জী, কমঃ বিমল চ্যাটার্জী, কমঃ পেলব মুখার্জীর কথা বলেন। ১৯৬৭ সালের নির্বাচনী লড়াই প্রসঙ্গেও বলেন। অতীতের নানা ঘটনার কথা উল্লেখ করেন। বেঙ্গল ল্যাম্প ও সুলেখা খোলার জন্য কমঃ বিমল চ্যাটার্জীর প্রচেষ্টা কথা উল্লেখ করেন। এখন পরিস্থিতি পাল্টেছে। একসাথে ক্লাবে বসে আলোচনা করতেন, এখন তা নেই। পৃথিবীর ইতিহাসে এমন অন্ধকার যুগ বারবার আসে। ইতিহাসের গতিপথই সামাজিক জীবন। পরিস্থিতি পাল্টাবে। আমাদের চলার পথে নানা অসুবিধা হবে। কিন্তু থেমে থাকলে চলবে না। শ্রী দেবেশ ভট্টাচার্য সকলকে প্রীতি ও শুভেচ্ছা জানিয়ে বলেন জীবনে এমন কোন উল্লেখযোগ্য কাজ করিনি যার জন্য সম্মাননা। সংস্কৃত শ্লোক উচ্চারণ করে বলেন শারিরীকভাবে জীবিত তা জীবিত নয়। জীবিত সে যিনি সমাজের কথা ভাবেন, কাজ করেন। সকলের সাথে মিশতে হবে, নির্যাতিত তাদের পাশে দাড়ানো আমাদের দায়িত্ব। অন্যায়, অবিচার, ভ্রষ্টাচারের বিরুদ্ধে প্রতিবাদ করতে হবে। একটি কবিতা আবৃত্তি করে বলেন প্রতিবাদের কথা বারবার বলতে হবে। বেথুনের কর্মকান্ডের সাথে যুক্ত হওয়ার উদ্দেশ্যে ৫ হাজার টাকার একটি চেক প্রদান করেন। পরবর্তীতে সংস্থার কর্ম পরিকল্পনা নিয়ে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন সংস্থার সহ-সভাপতি শ্রী গৌতম

Vol: V Issue : VIII, 15th November . 2016 PRABINBARTA RNI NO. WBBEN / 2012/ 46375

রায়চৌধুরী। তিনি বলেন জয় ইঞ্জিনিয়ারিং কো-অপারেটিভ স্বল্প ভাড়ায় আমাদের বাড়ীটি ব্যবহার করতে দিয়েছেন। সেখানে ডাক্তারী পরিসেবা সহ ফিজিওথেরাপির সেন্টার চালু করা হয়েছে। বিভিন্ন ফিজিওথেরাপির যন্ত্রপাতি সহ দ্রব্যাদি ক্রয় করার সমস্ত খরচ দান হিসাবে সংগৃহীত হয়েছে। এখন পর্যন্ত ২.২৫ লাখ টাকা সংগ্রহ হয়েছে। তাছাড়া হেল্প এইজ ইন্ডিয়া থেকেও কিছু মেশিন পাওয়া গেছে। মোটের উপর একটি অত্যাধুনিক ফিজিওথেরাপি সেন্টার প্রতিষ্ঠা হয়েছে। সকাল ১০.৩০ থেকে সন্ধ্যে ৭টা পর্যন্ত সেন্টার খোলা থাকে।

বেথুন ক্লিনিকে আমরি মেডিক্যাল সেন্টার এর সহায়তায় সেপ্টেম্বর ২০১৬তে মেডিক্যাল ক্যাম্পের ব্যবস্থা করা হয়। ভবিষ্যতে শ্রমজীবি, প্রবীণ, আর্থিকভাবে দুর্বল মানুষের জন্য ১টি অর্থপেডিক হাসপাতাল গড়ার পরিকল্পনা আমরা গ্রহণ করেছি। ১ম ধাপ ফিজিওথেরাপি সেন্টার আমরা করতে পেরেছি। ২য় ধাপ ডিজিটাল এক্সরে মেশিন সহ প্যাথোলজিক্যাল সেন্টার স্থাপনের কাজ আমরা করে চলেছি। আশাকরি আপনাদের সকলের সহযোগিতা পেলে আগামী ডিসেম্বরের মধ্যে একাজ আমরা সম্পূর্ণ করতে পারব। ডিজিটাল এক্স-রে মেশিন বসানোর জন্য ১৫ লাখ টাকার প্রয়োজন। আপনারা সকলে সাহায্যের হাত বাড়িয়ে দিলে আশাকরি কোন অসুবিধা হবে না। সকলকে দান প্রদানের অনুরোধ জানান। আর আমাদের এখানে দান করলে ইনকাম ট্যাক্স এ (৮০জি) ছাড়ের ব্যবস্থা আছে। তারপর শুরু হয় সাংস্কৃতিক অনুষ্ঠান।

প্রথমেই আবৃত্তি পরিবেশন করেন শ্রীমতি পুতুল মৈত্র, তারপর শুরু হয় সঙ্গীতানুষ্ঠান। প্রথমে সংগীত পরিবেশন করেন ডাঃ কৃষ্ণা হালদার এবং পরবর্তীতে শ্রী গৌতম রায় চৌধুরী ডাঃ কৃষ্ণাঞ্জুন মুখার্জীর সঙ্গীতের মাধ্যমে সঙ্গীতানুষ্ঠান শেষ হয়। তারপর শ্রী সনৎ লাহিড়ীর ধন্যবাদ জ্ঞাপক বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

## পোদ্দার পার্ক মিলন সংসদে সংস্থার পক্ষ থেকে প্রবীণদের সম্মাননা অনুষ্ঠান।

২৭ সেপ্টেম্বর ২০১৬ মঙ্গলবার বেলা ১১.৩০ মিনিটে পোদ্দার পার্ক, মিলন সংসদে পোদ্দার পার্ক গভঃ কোয়ার্টার এর ৭০ বছর ও ঊর্দ্ধ প্রবীণদের সম্মাননা জানাতে বেথুন ইনস্টিটিউটের উদ্যোগে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আমাদের সদস্য অশীতিপর শ্রী বিভাস দাশগুপ্তের উদ্বোধনী সংগীতের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা করা হয়। অনুষ্ঠানে সভাপতির আসন অলংকৃত করেন শ্রী পেলব মুখার্জী। তিনি বলেন ২০০৫ সালে জয় ইউনিয়নের উদ্যোগে শ্রদ্ধেয় বিমল চ্যাটার্জীর প্রচেষ্টায় এলাকার গণ্যমান্য ব্যক্তিদের সহযোগিতায় প্রবীণ ব্যক্তিদের কল্যানার্থে আমাদের এই সংস্থা প্রতিষ্ঠিত হয়। প্রথম থেকেই আমরা প্রবীণদের বিভিন্ন পরিসেবা দিয়ে যাচ্ছি। সেই উদ্দেশ্যেকে সামনে রেখে গত ১৯ ডিসেম্বর কাটজুনগর কলোনী কমিটি অফিসে কাটজুনগর ও পোদ্দার নগর অঞ্চলের প্রবীণদের সম্মাননা জানানো হয়। তাছাড়া ২৮ জানুয়ারী ২০১৬ বিক্রমগড় হরিসভা প্রাঙ্গণে বিক্রমগড় ও ২নং পোদ্দারনগর এলাকার প্রবীণ ব্যক্তিদের সম্মাননা জানানো হয়। প্রবীণ ব্যক্তি সহ সমাজের পিছিয়ে পড়া মানুষের স্বাস্থ্য পরিষেবা দেওয়ার লক্ষ্যে আমরা ২টি ক্লিনিক পরিচালনা করি, ১টি রবেকল অঞ্চলে ডাঃ নর্মান বেথুন ক্লিনিক এবং অন্যটি রায়নগর, বাঁশদ্রোণীতে। বেথুন ক্লিনিকে স্বল্পমূল্যে ফিজিও থেরাপি করা হয়। আপনাদের সকলের সহযোগিতায় এই কাজ করা সম্ভব হচ্ছে।

তারপর মিলন সংসদের পক্ষ থেকে বক্তব্য রাখেন শ্রী অরুন দত্তগুপ্ত। বেথুন ইনস্টিটিউটকে ধন্যবাদ জানিয়ে তিনি বলেন চারিদিকে যে পরিস্থিতি চলছে তার মধ্যে এধরনের অনুষ্ঠান ব্যতিক্রমী। মিলন সংঘের পক্ষ থেকে সকলকে একসাথে দেখতে পাওয়া খুব কমই হয়, আজ বেথুনের জন্য সবাইকে একসাথে দেখতে পাচ্ছি। সকলকে ধন্যবাদ জানিয়ে বেথুনকে সাহায্য সহযোগিতার কথা ব্যক্ত করে তিনি বক্তব্য শেষ করেন।

পোদ্দার পার্ক মিলন সংসদে প্রবীণদের সম্মাননা অনুষ্ঠানের শেষাংশ পরবর্তী সংখ্যায়.........

## -ঃ সম্পাদকীয় ঃ-

প্রিয় সাথী ও বন্ধুগণ, সবাইকে শুভ বিজয়া ও দীপাবলীর শুভেচ্ছা ও প্রীতি জানাই। আশা করি উৎসবের মরসুমে পরিবার পরিজন সহ সকলে কুশলে ছিলেন এবং আছেন।

উৎসবের রেশ ধরে প্রতিবৎসরের মত এবারও আমাদের সংস্থার উদ্যোগে বিজয়া সম্মিলনী হয়ে গেল বাঁশদ্রোণী শাখা অফিস এবং মূল কেন্দ্র আনোয়ার শাহ রোডে যথাক্রমে নভেম্বর আপনারা এসেছিলেন নিশ্চয়।

ধীরে ধীরে আবহাওয়ার পরিবর্তন হচ্ছে। এই সময় অতি সহজেই শিশু ও বয়স্করা রোগাক্রান্ত হয়। সাবধানে থাকবেন এবং প্রয়োজনে আমাদের চিকিৎসাকেন্দ্রের সহায়তা নেবেন।

সম্পত্তি ও অর্থের লোভে পুত্র পিতাকে খুন করছে ও বাড়ী থেকে বার করে দিচ্ছে। বর্তমানে আমরা এক অস্থির সময়ের মধ্য দিয়ে চলেছি। সামাজিক মূল্যবোধ পরিবর্তিত হচ্ছে। ব্যক্তিগত আরাম ও সুখের জন্য স্বামী স্ত্রী একে অপরকে খুন করছে। আবার প্রৌঢ়ত্বে বা বার্ধক্যে পৌঁছে অনেক দম্পতি ডিভোর্স চেয়ে আদালতের স্মরণাপন্ন হচ্ছেন। ৩০/৪০ বৎসর একত্র থেকেও সম্পর্ক আর বহন করতে তারা অপারগ। চাইছেন বিচ্ছেদের মাধ্যমে নিষ্কৃতি। কিন্তু এতে কি তাঁরা সুখী হবেন? নিঃসঙ্গতা ও একাকীত্বের সঙ্কটের মধ্যে চলে যাবেন না কি? বন্ধুরা, এ বিষয়ে আপনার কি বলেন?

আসুন সবাই মিলে ভাল থাকি।

| ক্রমিক নং | নাম | ঠিকানা | টাকা |
|---|---|---|---|
| | | পূর্বে প্রকাশিত অনুদান | ২,২৬,৪৯৭.০০ |
| ১৫৯) | শ্রীমতি আভা বোস | ২০৪, সুবোধ পার্ক, কলকাতা - ৭০০ ০৭০ | ১০০.০০ |
| ১৬০) | শ্রী সনৎ লাহিড়ী | লেক গার্ডেন্স, পি.এ. শাহ রোড, কলকাতা - ৭০০ ০৪৫ | ৫০০.০০ |
| ১৬১) | শ্রীমতি মীরা ব্যানার্জী | পোদ্দার পার্ক, গভঃ কোয়ার্টার, কলকাতা - ৭০০ ০৪৫ | ২০০.০০ |
| ১৬২) | শ্রীমতি শিখা রায় | পোদ্দার পার্ক, গভঃ কোয়ার্টার, কলকাতা - ৭০০ ০৪৫ | ১০০.০০ |
| ১৬৩) | শ্রী শৈলেন্দ্র নাথ দাস | ডি-২১, কাটজুনগর, কলকাতা - ৭০০ ০৩২ | ১০০.০০ |
| ১৬৪) | শ্রী দেবেশ ভট্টাচার্য | 'বিপাশীতা' ফ্ল্যাট নং- ডব্লিউ১/৬, ৭৮, চেতলা হাট রোড, কলকাতা - ২৭ | ৫০০০.০০ |
| ১৬৫) | শ্রী অশোক কুমার তালুকদার | পি-১/১১, অজয় নগর, কলকাতা - ৭০০ ০৭৫ | ১০০.০০ |
| ১৬৬) | শ্রী সুবিমল সেন | ৮৬, মিলন পার্ক, গড়িয়া, কলকাতা - ৭০০ ০৮৪ | ৩০০০.০০ |
| ১৬৭) | শ্রী বিপ্র কুমার সাহা | নব বৈশাখী সরণী গড়িয়া, কলকাতা - ৭০০ ১৫২ | ১০০০.০০ |
| ১৬৮) | ডাঃ বিবেক সরকার | ৩৭৭, পি.এ. শাহ রোড, কলকাতা - ৭০০ ০৩২ | ১৪২০.০০ |
| ১৬৯) | শ্রীমতি কবিতা দাশগুপ্ত | পোদ্দার পার্ক, গভঃ কোয়ার্টার, কলকাতা - ৭০০ ০৪৫ | ১০০.০০ |
| ১৭০) | শ্রীমতি সন্ধ্যা বক্সী | পি-১/১১ অজয় নগর, কলকাতা - ৭০০ ০৭৫ | ৫০০.০০ |
| ১৭১) | শ্রী মনোজ দে | ১৪৭, এস.পি. ব্যানার্জী রোড, কলকাতা - ৭০০ ০৩৫ | ১০০.০০ |
| ১৭২) | শ্রী শুভাশীষ বসু | আনন্দভবন, ৪৭, এম. জি. রোড, কলকাতা - ৭০০ ০৫১ | ১০০০.০০ |
| ১৭৩) | শ্রীমতি তপতী বিশ্বাস চৌধুরী | পোদ্দার পার্ক, গভঃ কোয়ার্টার, কলকাতা - ৭০০ ০৪৫ | ২০০০.০০ |
| ১৭৪) | শ্রী সনৎ কুমার পাল | ৬/এ, বিক্রমগড়, কলকাতা - ৭০০ ০৩২ | ৫০১.০০ |
| ১৭৫) | শ্রীমতি শক্তি বসু | পি-৭, শঙ্কর বোস রোড, চেতলা, কলকাতা - ৭০০ ০২৭ | ২০০০.০০ |
| ১৭৬) | শ্রী কমলা প্রসাদ ভট্ট | ৩.ডি.আর.সি., বেহালা, কলকাতা - ৭০০ ০৩৮ | ২৫০.০০ |
| | | মোট ঃ | ২,৪৪,৪৬৮.০০ |

Printed by Intergraphics, Published by Dipesh Mitra on behalf of Bethune Institute of Geriatrics Research & Rehabilitation Centre Ph. : 033 2473 9842, 9674553477 and printed at Intergraphics 1/15A, Prince Gulam Md. Road, Kolkata - 700 026 and Published at 392A, Prince Anwar Shah Road, Kolkata - 700 045, Editor - Sri Dipesh Mitra.
E-mail- bethune.geriatrics@gmail.com.Website : bethunegeriatrics.in